গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
হাজীগঞ্জ, চাঁদপুর ।
www.dss.hajiganj.chandpur.gov.bd

**স্মারক নং ৪১.০১.১৩৪৯.০০০.১৬.০০১.২৫.৩৫৪/১** **তারিখ ঃ ১৪/১০/২০২৫ খ্রিঃ।**

বিষয় ঃ সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৫-২৬ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা,প্রতিবন্ধী ভাতা,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, হিজড়া,বেদে,অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা এবং শিক্ষা উপবৃত্তির সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.৯৪৪ তারিখ: ১২/১০/২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ঠ সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অধিদফতরের আওতায় ২০২৫-২৬ অর্থবছরে অনলাইন আবেদনের ভিত্তিতে বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা,প্রতিবন্ধী ভাতা,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, হিজড়া,বেদে,অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা এবং উপবৃত্তির সুবিধাভোগী নির্বাচনের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরের নির্দেশনা রয়েছে।

০১। উক্ত নির্দেশনার আলোকে যে সকল ব্যাক্তি বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা,প্রতিবন্ধী ভাতা,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, হিজড়া,বেদে,অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা এবং শিক্ষা উপবৃত্তির আওতায় আসেনাই তাদেরকে ১৩/১০/২০২৫ খ্রি. তারিখ হতে ০৬/১১/২০২৫খ্রি. পর্যন্ত অনলাইনে dss.bhata.gov.bd/onlineApplication লিংকে প্রবেশ করে অনলাইন আবেদন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

০২। পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে পুনরায় অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।

০৩। এমতাবস্থায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা,প্রতিবন্ধী ভাতা,প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, হিজড়া,বেদে,অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা এবং উপবৃত্তির অন্তর্ভুক্তির নিমিত্তে হাজীগঞ্জ পৌরসভা এবং সকল ইউনিয়নে প্রচার প্রচারণার মাধ্যমে অনলাইন আবেদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

সংযুক্তি: ১। সমাজসেবা অধিদফতরের অনলাইন আবেদন সংক্রান্ত পত্র ০১কপি।

১৪.১০.২৫
(শাহাদাত হোসেন)
উপজেলা সমাজসেবা অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর।

প্রাপক,
১। প্রশাসক,হাজীগঞ্জ পৌরসভা,হাজীগঞ্জ,চাঁদপুর।
২।চেয়ারম্যান (সকল),ইউনিয়ন পরিষদ,হাজীগঞ্জ,চাঁদপুর।

**স্মারক নং ৪১.০১.১৩৪৯.০০০.১৬.০০১.২৫.৩৫৪/১(৪০)** **তারিখ ঃ ১৪/১০/২০২৫ খ্রিঃ।**

সদয় অবগতির নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। প্রশাসক,উপজেলা পরিষদ,হাজীগঞ্জ,চাঁদপুর।
০২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁদপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।
০৪। ---------------------------------কর্মকর্তা,হাজীগঞ্জ,চাঁদপুর।
০৫। জনাব---------------------------------,হাজীগঞ্জ,চাঁদপুর।
০৬। অফিস কপি।

উপজেলা সমাজসেবা অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪. ৩৪৪

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ / ১২ অক্টোবর ২০২৫

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও উপবৃত্তির সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও উপবৃত্তি প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। সে লক্ষ্যে G2P (Government to Person) পদ্ধতিতে ভাতা প্রদানের সুবিধার্থে যোগ্য প্রার্থীদের কাছ থেকে অনলাইন আবেদন গ্রহণের জন্য ১৩-১০-২০২৫খ্রি: তারিখ হতে ০৬-১১-২০২৫খ্রি: তারিখ পর্যন্ত dss.bhata.gov.bd/online-application লিংকে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন গ্রহণের পূর্বে এ বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আবেদন গ্রহণ, যাচাই-বাছাই ও তথ্য এন্ট্রির সময় নিম্নোক্ত নির্দেশাবলী:

১. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে এবং Disability Information System (DIS) এর সাথে যাচাই করতে হবে।
২. অনলাইন আবেদনে আবেদনকারীদের অবশ্যই প্রার্থীর নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। অর্থ মন্ত্রণালয়ের ০১/০৪/২০২৪ তারিখের নম্বর: ০৭.০০.০০০০.১০৯.২০.০০২.২০.৫২ সংখ্যক এর পরিপত্রটি অনুসরণ করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে।
৩. আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবেন না।
৪. পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকা যদি থাকে) পুনরায় অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।
৫. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইনে আবেদন তালিকার (অপেক্ষমান তালিকা যদি থাকে) ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে।
৬. বিদ্যমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
৭. অনলাইন আবেদন গ্রহণ ও যাচাই-বাছাই কার্যক্রম ৩০ নভেম্বর ২০২৫ এর মধ্যে সম্পন্ন করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৮. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৫খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন।

২। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।

১২-১০-২০২৫

(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সামাজিক নিরাপত্তা অধিশাখা
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
☎ ০২-৪৪৮২৬৮০১
✉ dir.ss@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক (সকল).........................।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল).........................।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...................।
৭. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর/তেজগাঁও সার্কেল, সমাজসেবা কার্যালয় (সকল)...............।
৮. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।